রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ১৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৩, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৭—২৬৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৪৫—৩৮৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৭—৮৪ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৬৯—৪০৩ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৫—১৬ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............................ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১০.১৭-৩৬**—আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ধারা ১০-এর উপধারা (১) অনুযায়ী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক-এর চেয়ারম্যান পদে মেজর জেনারেল এ, কে, এম, নাজমুল হাসান, এনডিসি, পিএসসি-এর স্থলে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আমিনুল হক, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি-কে ৩(তিন) বছর মেয়াদের জন্য আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদে চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ফরিদা ইয়াসমিন**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.২০-৩৯**—The Bangladesh House Building Finance Corporation Order, 1973 (P.O No. 7 of 1973) এর Article 7 অনুযায়ী বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান ড. মোহাম্মদ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, এমবিএ, অধ্যাপক, হিসাববিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-কে তাঁর বর্তমান নিয়োগের মেয়াদ (২৬-০২-২০২৩) সমাপনান্তে আরও ০১(এক) বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

## প্রকল্প ব্যবস্থাপনা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১ ফাল্গুন, ১৪২৯/১৪ ফেব্রুয়ারি ২০২৩

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৮.২৫**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন-এর সংঘবিধি 8.3 (ii) অনুচ্ছেদ-এ প্রদত্ত ক্ষমতাবলে ড. ভুবন চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত সচিব (পিআরএল ভোগরত)-কে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের Governing Board-এ তাঁর নিয়োগের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হ'ল।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সীমা দত্ত**
সহকারী সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড

### [কাস্টমস: রপ্তানি ও বন্ড]

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ০৯/২০২৩/কাস্টমস/১০৩**—The Customs Act, 1969, (Act-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার মুলাডুলি ইউনিয়ন এর নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস বন্ডেড এলাকা হিসেবে ঘোষণা করছে, যথা:

| দাগ নম্বরসমূহ | জে এল নম্বর | মৌজার নাম | চৌহদ্দি | জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| ৩০৮, ৩০৯, ৩১০ এবং ৩১২(আংশিক) | ৪৬ | দুবলাচরা | অ) উত্তরে: পিচ ঢালাই পাকা রাস্তা;<br>আ) দক্ষিণে: ধানক্ষেত;<br>ই) পূর্বে: ধানক্ষেত; এবং<br>ঈ) পশ্চিমে: ধানক্ষেত। | ৪.৭৭৪০ একর |

**নং ০৮/২০২৩/কাস্টমস/৯৪**—The Customs Act, 1969, (Act-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে দিনাজপুর জেলার, পার্বতীপুর পৌরসভার নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস বন্ডেড এলাকা হিসেবে ঘোষণা করছে, যথা:

| দাগ নম্বরসমূহ | জে এল নং | মৌজা | চৌহদ্দি | জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| পার্বতীপুর পৌরসভার হোল্ডিং নং-১৬, থানা-পার্বতীপুর, জেলা-দিনাজপুর এর জে.এল ৩৩নং রামপুর মৌজাস্থিত দাগ নং-৩০১৩, ৩০১৪, ৩০১৫, ৩০১৬, ৩০১৭, ৩০১৮, ৩০২২, ৩০২৩ ও ৩০২৪ এ ডিপোর সর্বমোট আয়তন ০৫.০০ একর। | জে এল নং-৩৩ | রামপুর | (অ) পূর্বে: পার্বতীপুর-সৈয়দপুর পাকা সড়ক।<br>(আ) পশ্চিমে: রেল লাইন।<br>(ই) উত্তরে: রেল লাইন ও ফাঁকা জমি।<br>ঈ) দক্ষিণে: পার্বতীপুর-দিনাজপুর পাকা সড়ক। | ০৫.০০ একর |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

### বিদ্যালয়-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১ ফাল্গুন, ১৪২৯/১৪ ফেব্রুয়ারি ২০২৩

**নং ৩৮.০০৮.০১১.০০.০০.০০৭.২০১৪-৫৯**—সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ এর বিধি ৯ এর আলোকে সহকারী শিক্ষক পদে নিয়োগের সুপারিশ করার জন্য নিম্নরূপভাবে কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি গঠন করা হলো:

**চেয়ারম্যান**

(ক) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

**সদস্যবৃন্দ**

(খ) অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(গ) অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

(ঘ) মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা

(ঙ) যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রাণালয়

(চ) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

**সদস্য-সচিব**

(ছ) পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

২। প্রযোজ্য বিধিবিধান অনুসরণপূর্বক বর্ণিত কমিটি প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৩-২০২০ তারিখের ৩৮.০০৮.০১১.০০.০০.০০৭.২০১৪-১৬৬ নং স্মারকের নির্দেশনা এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

**মোহাম্মদ কবির উদ্দীন**
উপসচিব।

---

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

### শাখা-জামস

### প্রজ্ঞাপন

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০০৩.১৮.১২**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ৮ (১) ধারা মোতাবেক নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় মহিলা সংস্থার পরিচালনা পরিষদ পুনর্গঠন করা হলো:

| ক্রঃ নং | নাম | পদবি |
|---|---|---|
| ১। | বেগম চেমন আরা তৈয়ব,<br>চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা। | চেয়ারম্যান |
| ২। | পরিচালনা পরিষদের সদস্যগণ কর্তৃক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত একজন ভাইস-চেয়ারম্যান | ভাইস-চেয়ারম্যান |

| ক্রঃ নং | নাম | পদবি |
|---|---|---|
| ৩। | প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষিকাগণের মধ্য হতে দুইজন করে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত সদস্য | সদস্য |
| ৪। | সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত মহিলা সংগঠনসমূহ হতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত পাঁচজন সদস্য | ,, |
| ৫। | সমাজ সেবায়, সাহিত্য ও শিল্পকর্মে, সংস্কৃতি চর্চায় এবং বিভিন্ন পেশায় নিয়োজিত মহিলাগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত পাঁচজন সদস্য: | ,, |
| | (i) আফরোজা হাসমত, ২ নর্থ সার্কুলার রোড (নগর চন্দ্রিমা), ফ্ল্যাট-ডি-২, ভুতের গলি, নিউমার্কেট, কলাবাগান, ঢাকা-১২০৫ | ,, |
| | (ii) দিলরুবা জামান শেলী, স্বামী: মোঃ ফারুক উজ্জামান, রোড নং-১৫, বাসা নং-৫৮৮, রূপনগর টিনসেড, মিরপুর, ঢাকা-১২১৬ | ,, |
| | (iii) ফরিদা রেজা, স্বামী: মৃতঃ এম এ রেজা, সূর্যমুখী ভবন, ধানমন্ডি, ঢাকা | ,, |
| | (vi) রেবেকা সুলতানা, ৬২/সি, দক্ষিণ ছায়াবিথী, জয়দেবপুর, গাজীপুর | ,, |
| | (v) বেগম লিপি গাজী, বাসা নং-১০০, মালিবাগ, ডিআইটি রোড, শান্তিনগর, ঢাকা | ,, |
| ৬। | যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ,, |
| ৭। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি | ,, |
| ৮। | স্থানীয় সরকার বিভাগ এর একজন প্রতিনিধি | ,, |
| ৯। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর একজন প্রতিনিধি | ,, |
| ১০। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর একজন প্রতিনিধি | ,, |
| ১১। | জেলা কমিটি সমূহের চেয়ারম্যানগণ, পদাধিকার বলে | ,, |
| ১২। | নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা | সদস্য সচিব |

২। চেয়ারম্যান ১৬-০২-২০২৩ ইং তারিখ অথবা যোগদানের তারিখ থেকে দু'বৎসর এবং ক্রমিক নং (৫) এর (i) হতে (v) পর্যন্ত মনোনীত সদস্যগণ ১৬-০২-২০২৩ তারিখ হতে পরবর্তী দুইবছর স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পানি সরবরাহ-৩ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখঃ ১ ফাল্গুন, ১৪২৯/১৪ ফেব্রুয়ারি ২০২৩

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩১**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (গ) বিধান মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত পানি ব্যবহারকারীগণের প্রতিনিধি অধ্যাপক ডঃ প্রকৌশলী মোহাম্মদ আলমগীর, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩২**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (খ) বিধান মোতাবেক অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি জনাব মোঃ হাসানুল মতিন, যুগ্মসচিব কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩৩**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (চ) বিধান মোতাবেক ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এর প্রতিনিধি প্রকৌশলী মোঃ নুরুজ্জামান, ভাইস-প্রেসিডেন্ট (এইচআরডি), ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩৪**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (ছ) বিধান মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এলাকাধীন পৌর কর্তৃপক্ষ এর প্রতিনিধি জনাব আমিনুল ইসলাম মুন্না, কাউন্সিলর, খুলনা সিটি কর্পোরেশন কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩৫**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (ছ) বিধান মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এলাকাধীন পৌর কর্তৃপক্ষ এর প্রতিনিধি জনাব পারভীন আক্তার, কাউন্সিলর, খুলনা সিটি কর্পোরেশন কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩৬**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (ঙ) বিধান মোতাবেক দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্ট অব বাংলাদেশ এর প্রতিনিধি জনাব মুহাম্মদ ফারুক, এফসিএ, কাউন্সিল মেম্বার ও সাবেক প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩৭**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (ঝ) বিধান মোতাবেক বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন এর প্রতিনিধি জনাব ফারুক আহমেদ, সভাপতি, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩৮**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (ঞ) বিধান মোতাবেক বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর প্রতিনিধি ডা. মোঃ তারিক মেহেদী পারভেজ, সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৩৯**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (ঘ) বিধান মোতাবেক খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর প্রতিনিধি জনাব কাজি আমিনুল হক, সভাপতি, খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-৪০**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন)" এর ৬ ধারার (১) উপধারার (ট) বিধান মোতাবেক ইনস্টিটিশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রতিনিধি প্রকৌশলী মোঃ আবুল হোসেন, সহ-সভাপতি (খুলনা অঞ্চল) আইডিইবি কে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**প্রত্যয় হাসান**

সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৫ মাঘ, ১৪২৯/০৮ ফেব্রুয়ারি ২০২৩

**নং ৪৭.০০.০০০০.০৩২.২৭.০০১.২৩.৬৩**—যেহেতু, আপনি জনাব মোঃ কাউসার আলী, উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম ও প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী এর বিরুদ্ধে কর্তব্য কাজে অবহেলা, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নির্দেশ অমান্য ও দায়িত্বহীনতার কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নং ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৫৯.২০২০জি(বিমা-২৬)-১৯০৪(৫)-এ/ও, তারিখ: ৩১-১২-২০২০ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে আপনার বিরুদ্ধে ২৬/২০২০ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনায় আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং ২য় কারণ দর্শানো নোটিশের জবাবের পরিপ্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি;

০৪। যেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ধারায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে বিধায় একই বিধিমালা ৪ (২) (খ) বিধির বিধান মোতাবেক আপনার "বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত" রাখার দণ্ড প্রদান করা হয়;

০৫। যেহেতু, আপনি জনাব মোঃ কাউসার আলী উক্ত দণ্ড আরোপ হতে অব্যাহতি প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব এর নিকট আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে ১৭-০১-২০২৩ তারিখে শুনানি গ্রহণকালে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসাউ ও ফাইন্যান্স) জনাব রিক্তা দত্ত ও আপনার বক্তব্য শ্রবণ করা হয়। উভয় পক্ষের বক্তব্য, উপস্থাপিত রেকর্ডপত্র এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে অংশ বিশেষ প্রমাণিত হওয়ায় সমবায় অধিদপ্তরের ২০-০৬-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪. ০৪.০৫৯.২০২০জি-(বিমা-২৬)-৫৬৮-এ/ও সংখ্যক প্রজ্ঞাপন মূলে প্রদত্ত **"বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত"** দণ্ডের সংশোধন করে **"বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত"** দণ্ড আরোপ করাই যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, জনাব মোঃ কাউসার আলী, উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম ও প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার বিগত২০-০৬-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪. ০৫৯. ২০২০জি-(বিমা-২৬)-৫৬৮-এ/ও সংখ্যক প্রজ্ঞাপন মূলে প্রদত্ত **"বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত"** দন্ড পুনর্নির্ধারণ করে **"বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত"** দন্ড আরোপ করা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১ বিধি মোতাবেক আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৭.০০.০০০০.০৩২.২৭.০০২.২৩.৬৪**—যেহেতু, আপনি জনাব মোঃ নজরুল ইসলাম, মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, মিরপুর, ঢাকা প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী সংযুক্ত মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, শাহআলী, ঢাকা এর বিরুদ্ধে সমবায় অধিদপ্তরের স্মারক নং ৪৭.৬১.০০০০. ০০৪.০১৮.১০৩.২০০০পি(বিমা-২২)-১২৯৮ (৭)-এ/ও, তারিখ: ১৮-১০-২০২০ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে আপনার বিরুদ্ধে ২২/২০২০ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং রেকর্ডপত্র পর্যালোচনায় আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং ২য় কারণ দর্শানো নোটিশের জবাবের পরিপ্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি;

০৪। যেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ধারায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক সমবায় অধিদপ্তরের ২০-০২-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪. ০৪.০৪৬.২০২০জি-(বিমা-২২)-৫৭৩-এ/ও সংখ্যক স্মারক মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) উপ-বিধিতে বর্ণিত **"বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত"** দন্ড আরোপ করা হয়;

০৫। যেহেতু, আপনি জনাব মোঃ নজরুল ইসলাম উক্ত দন্ড আরোপ হতে অব্যাহতি প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব এর নিকট আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে ১৭-০১-২০২৩

তারিখে শুনানি গ্রহণকালে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) জনাব রিক্তা দত্ত ও আপনার বক্তব্য শ্রবণ করা হয়। উভয় পক্ষের ব্যক্তব্য, উপস্থাপিত রেকর্ডপত্র, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত ব্রডশীট জবাব পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ রদ/রহিত করার মত যথেষ্ট যৌক্তিকতা/তথ্য উপাত্ত পাওয়া যায়নি বিধায় আপনার আপীল আবেদন খারিজ করাই যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, জনাব মোঃ নজরুল ইসলাম, মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, মিরপুর, ঢাকা প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী সংযুক্ত মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, শাহআলী, ঢাকা এর বিরুদ্ধে দায়েকৃত বিভাগীয় মামলায় সমবায় অধিদপ্তরের ২০-০৬-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪৬.২০২০জি(বিমা-২২)-৫৭৩-এ/ও সংখ্যক প্রজ্ঞাপন মূলে প্রদত্ত **"বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত"** দন্ড আরোপ বহাল রাখা হলো। সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১ ধারা মোতাবেক আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান এনডিসি**

সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ৩ ফাল্গুন, ১৪২৯/১৬ ফেব্রুয়ারি ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.১৮-২২৭**—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৩৫, তারিখঃ ০৯-১০-২০১৮ খ্রিঃ মামলাটির অপরাধ আমলে গ্রহণের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**

উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ মাঘ ১৪২৯/২৫ জানুয়ারি ২০২৩

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭২.২২.৩৯**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৯৪৭২ ক্যাপ্টেন শেখ শামস্ জুবায়ের, পদাতিক-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস্ ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**

উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৩৬.২০২১-৩৯**—যেহেতু, ডা. মাহবুব হোসেন (১৩৪৪৯৮), সহকারী সার্জন, জামালপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, দক্ষিণ সুরমা, সিলেট সংযুক্তঃ আইএইচটি, সিলেট-এর অনুকূলে উচ্চশিক্ষার জন্য মঞ্জুরিকৃত প্রেষণের মেয়াদ গত ৩০-০৪-২০২০ খ্রিঃ তারিখ শেষ হয় তিনি কোনো যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে প্রেষণ সমাপ্তির দীর্ঘ সময় পর ০৭-১১-২০২০ খ্রিঃ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করেন এবং ৩০-০৪-২০২০ খ্রিঃ হতে ৭-১১-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে চাকরিতে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১৪-১২-২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৩৬.২১-৪৫৭ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা (নং ৬৮/২০২১) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৮-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হয়;

সেহেতু, ডা. মাহবুব হোসেনকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। ভবিষ্যতে কর্মক্ষেত্রে আরো দায়িত্বশীল হয়ে কর্তব্য পালন করার জন্য সতর্ক করা হলো। একইসঙ্গে, তার অনুপস্থিতিকালীন ৩০-০৪-২০২০ হতে ০৭-১১-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত সময়ে তিনি বেতনভাতা উত্তোলন করে থাকলে তা বিধি মোতাবেক ফেরতযোগ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১২১.২১-৪০**—যেহেতু, ডা. সুচিতা রাণী ঘোষ (১২৪৫৯৮), মেডিকেল অফিসার (সাময়িক বরখাস্ত), আদর্শ পরিবার পরিকল্পনা ক্লিনিক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকাকে অফিসের নির্ধারিত সময়সূচি মেনে না চলা, কর্তব্যকাজে অনীহা ও কর্তৃপক্ষের আদেশ মানতে অস্বীকৃতি ইত্যাদি বিভিন্ন অভিযোগে ডা. বনলতা সিনহা, সিনিয়র কনসালটেন্ট, আদর্শ পরিবার পরিকল্পনা ক্লিনিক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা কর্তৃক কারণ দর্শানো নোটিশ দেয়া হলে লিখিত জবাবে তিনি অসৌজন্যমূলক ও ঔদ্ধত্যপূর্ণ বক্তব্য প্রদান করেন;

যেহেতু, পরবর্তীতে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অপদস্ত করার লক্ষ্যে তার স্বামী ডা. সঞ্জয় কুমার ঘোষ (১২১৬৬৩), জুনিয়র কনসালটেন্ট (অর্থোসার্জারি), নিটোর, ঢাকাকে নিজের কর্মস্থলে ডেকে আনেন এবং ডা. বনলতা সিনহাকে গালিগালাজ ও লাঞ্ছিত করেন;

যেহেতু, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের চার সদস্যবিশিষ্ট কমিটির তদন্তে এসমস্ত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে ডা. সুচিতা রাণী ঘোষের বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ৩১-০১-২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২. ০২৭.১২১.২১-৪৩ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা (নং-০৩/২০২২) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৮-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা. সুচিতা রাণী ঘোষকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) বিধি মতে লঘুদন্ডস্বরূপ তিরস্কার দন্ড প্রদান করা হলো এং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৩.২০২১-৪৮**—যেহেতু, ডা. মোঃ আমানুল্লাহ চৌধুরী (১২৬২৭১), মেডিকেল অফিসার, আধুনিক জেলা হাসপাতাল, জয়পুরহাট-কে গত ২৩-০৩-২০২০ খ্রিঃ তারিখে কোভিড ডেভিকেটেড কুয়েত-বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতালে সংযুক্তি প্রদান করা হলে তিনি সেখানে যোগদান না করে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১১-০৩-২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৭. ২০২১-৯৬ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা (নং-২৩/২০২১) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৯-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা. মোঃ আমানুল্লাহ চৌধুরীকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধি মতে লঘুদন্ডস্বরূপ ১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখতে নির্দেশ প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। একইসঙ্গে গত ২০-০৩-২০২০ হতে ২০-০৩-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত তার অননুমোদিত অনুপস্থিতিকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বর্ণিত সময়ে তিনি বেতন ভাতা গ্রহণ করলে তা ফেরতযোগ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০২৪.২০২০-৪৭**—যেহেতু, ডা. সঞ্জয় কুমার দাস (১০০৮৮৫৮), জুনিয়র কনসালটেন্ট, পেডিয়াট্রিক্স, শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকাকে স্বাস্থ্য সেবা বিভাগের পার-৩ শাখার ১০-০৪-২০১৯ খ্রিঃ তারিখের ১৩৮ নং স্মারকে সিনিয়র কনসালটেন্ট (চলতি দায়িত্ব), পেডিয়াট্রিক্স হিসেবে ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, মেহেরপুরে বদলি করা হলে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে ১৮-০৪-২০১৯ খ্রিঃ হতে ৩০-১২-২০১৯ খ্রিঃ পর্যন্ত বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২৭-০২-২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৪. ২০২০-১৫৪ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা (নং-১৮/২০২০) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৯-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা. সঞ্জয় কুমার দাস-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধিমতে লঘুদন্ডস্বরূপ ১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখতে নির্দেশ প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। একইসঙ্গে তার গত ১৮-০৪-২০১৯ হতে ৩০-১২-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বর্ণিত সময়ে তিনি বেতন ভাতা গ্রহণ করে থাকলে তা ফেরতযোগ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৫.১৯-৪৬**—যেহেতু, ডা. আব্দুল্লাহ-আল-মামুন (১৩০৭৪৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মুরাদনগর, কুমিল্লা-কে স্বাস্থ্য অধিদপ্তরের ০৬-০৬-২০১৮ খ্রিঃ তারিখের ৭১৫ নং স্মারকে ইমার্জেন্সি মেডিকেল অফিসার হিসেবে ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, খুলনায় বদলি করা হলে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে ১৪-০৬-২০১৮ খ্রিঃ হতে ১২-০১-২০১৯ খ্রিঃ পর্যন্ত অনুপস্থিত থাকেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২৯-১২-২০১৯ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৫.১৯-৭২৬ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৯-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা. আব্দুল্লাহ-আল-মামুনকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধিমতে লঘুদণ্ডস্বরূপ ১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখতে নির্দেশ প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। একইসঙ্গে তার গত ১৪-০৬-২০১৮ খ্রিঃ হতে ১২-০১-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। বর্ণিত সময়ে তিনি বেতন ভাতা গ্রহণ করলে তা ফেরতযোগ্য।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৭১.২০২১-৪৫**—যেহেতু, ডা. গোলাম মোস্তফা (১৩৩৬৮৯), সহকারী সার্জন, কুমারগাতা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ-কে স্বাস্থ্য অধিদপ্তরের ১০-০৮-২০২০ খ্রিঃ তারিখের ৪৮৫ নং স্মারকে আবাসিক মেডিকেল অফিসার হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাশিয়ানি, গোপালগঞ্জে পদায়ন করার পর তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে ১১-০৮-২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০১-১২-২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭১.২০২১-৪৩৮ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা (নং-৬৭/২০২১) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৯-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা. গোলাম মোস্তফাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধিমতে লঘুদণ্ডস্বরূপ ১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখতে নির্দেশ প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। একইসঙ্গে তার গত ১১-০৮-২০২০ খ্রিঃ তারিখ হতে পরবর্তী কর্মস্থলে যোগদানের তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। ঐ সময় যদি তিনি বেতন-ভাতা গ্রহণ করে থাকেন তবে তা ফেরতযোগ্য হবে। ভবিষ্যতে তাকে অধিকতর আন্তরিকতা ও সতর্কতার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৫৫.২০২০-৪৪**—যেহেতু, ডা. মোঃ কামরুজ্জামান (১৩১৮৯৪), সহকারী রেজিস্ট্রার (ইএনটি), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, পাবনা-এর বিরুদ্ধে ২৬-০৩-২০২০ খ্রিঃ হতে অদ্যাবদি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে স্বাস্থ্য সেবা বিভাগের ২৪-০৯-২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৫৫.২০২০-৩৪৫ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী তার বিরুদ্ধে যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা (নং ৫৯/২০২০) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ০৬-১২-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হয়;

সেহেতু, ডা. মোঃ কামরুজ্জামানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৩৭.২০২১-৪২**—যেহেতু, ডা. ইরাতুন নাছিহা স্মৃতি (১৩৪৩৪২), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর; সংযুক্ত: সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট-কে জামালপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, দক্ষিণ সুরমা, সিলেটে বদলি করা হলে তিনি সেখানে যথাসময়ে যোগদান করেননি এবং ০৯-০৬-২০১৯ হতে ২৩-০৯-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১০৭ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১০-১১-২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৩৭.২০২১-৩৮৬ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা (নং-৫২/২০২১) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ০৬-১২-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা. ইরাতুন নাছিহা স্মৃতিকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধিমতে লঘুদণ্ডস্বরূপ ১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখতে নির্দেশ প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। একইসঙ্গে গত ০৯-০৬-২০১৯ হতে ২৩-০৯-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১০৭ দিন তার অননুমোদিত অনুপস্থিতিকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বর্ণিত সময়ে তিনি বেতন ভাতা গ্রহণ করলে তা ফেরতযোগ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১২০.২১-৪১**—যেহেতু, ডা. সঞ্জয় কুমার ঘোষ (১২১৬৬৩), জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি), জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরে বাংলা নগর, ঢাকা (বর্তমানে সাময়িক বরখাস্ত) এর স্ত্রী ডা. সুচিকা রাণী ঘোষ (১২৪৫৯৮), মেডিকেল অফিসার (বর্তমানে সাময়িক বরখাস্ত), আদর্শ পরিবার পরিকল্পনা ক্লিনিক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-কে অফিসে সঠিক সময়ে উপস্থিত না হওয়া, নির্ধারিত সময়ের পূর্বেই কর্মস্থল ত্যাগ করা, কর্তব্যকাজে অনিহা প্রকাশ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ মানতে অস্বীকৃতি জ্ঞাপনসহ বিভিন্ন অভিযোগে ডা. বনলতা সিনহা, সিনিয়র কনসালটেন্ট, গাইনী এন্ড অবস, মডেল ফ্যামিলি ক্লিনিক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা কর্তৃক ৩১-০৩-২০২১ খ্রিঃ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, ডা. সুচিতা রানী ঘোষকে উক্ত কারণ দর্শানো নোটিশ প্রদানের কারণে ডা. সঞ্জয় কুমার ঘোষ অসন্তুষ্ট হয়ে গত ০৩-০৪-২০২১ খ্রিঃ তারিখে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করে তার স্ত্রীর কর্মস্থল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গমন করেন এবং সেখানে চিৎকার করে ডা. বনলতা সিনহাকে অশালীন ভাষায় গালিগালাজ ও হাত ধরে শ্লীলতাহানির চেষ্টা করেন, শারীরিকভাবে লাঞ্ছিত ও সামাজিকভাবে অপদস্ত করেন এবং এমনকি ডা. বনলতা সিনহার চিকিৎসক কন্যা (বিএসএমএমইউতে কর্মরত)-কে উদ্দেশ্য করে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, ডা. সঞ্জয় কুমার ঘোষের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের চার সদস্যবিশিষ্ট কমিটির তদন্তে সত্যতা পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১৯-০১-২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১২০.২১-৩৬ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা (নং ০২/২০২২) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৮-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা. সঞ্জয় কুমার ঘোষকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধিমতে লঘুদণ্ডস্বরূপ ১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখতে নির্দেশ প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার**
সচিব।

**পরিকল্পনা অনুবিভাগ (স্বাস্থ্য-৫ অধিশাখা)**

**অফিস আদেশ**

তারিখ : ০৪ মাঘ ১৪২৯/১৮ জানুয়ারি ২০২৩

**নং ৪৫.০০.০০০০.১৯৫.০৬.০৭২.২০২২-১৪**—প্রজন্ম গবেষণা গ্রুপের কার্যক্রমের মূল্যায়নের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধিদের সমন্বয়ে জাতীয় ও স্থানীয় পর্যায়ে মাতৃ ও শিশু স্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নরূপভাবে কমিটি পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

১। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ।

**সদস্যবৃন্দ**

২। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।

৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ।

৪। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ।

৫। সিভিল সার্জন, সিলেট।

৬। উপ-পরিচালক, জেলা পরিবার পরিবকল্পনা কার্যালয়, সিলেট।

৭। প্রতিনিধি, প্রজন্ম গবেষণা গ্রুপ।

৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সংশ্লিষ্ট)।

**সদস্য-সচিব**

৯। ডেপুটি সিভিল সার্জন, সিলেট।

**কমিটির কার্যপরিধি :**

(ক) কমিটি সময় সময় "প্রজন্ম" গবেষণা গ্রুপের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে তার কার্যক্রম মূল্যায়ন করবে।

(খ) গবেষণা কার্যক্রমের সফলতার আলোকে তার সফল উপকরণসমূহ জাতীয় পর্যায়ে বাস্তবায়নের সুপারিশ করবে।

**এম এম আশরাফ রেজা ফরিদী**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৬ মাঘ ১৪২৯/৩০ জানুয়ারি ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮৫.২০২২-৩৭**—যেহেতু, আপনি জনাব মোঃ নবীর হোসেন, বিপি-৬৭৯৩০০ ৮৪৮৫, অফিসার ইনচার্জ, কাঁচপুর হাইওয়ে থানা, হাইওয়ে পুলিশ, গাজীপুর রিজিয়ন, গাজীপুর ও ইতোপূর্বে অফিসার ইনচার্জ, সুধারাম থানা, নোয়াখালী জেলায় কর্মকালে গত ২৫-০৮-২০২০ তারিখ জনৈক মোঃ দেলোয়ার হোসেন বাদী হয়ে সুধারাম মডেল থানার মামলা নং-৫৫, তারিখ: ২৫-০৮-২০২০ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ সংশোধনী ২০০৩ এর ১০/৩০ রুজু করেন। বর্ণিত মামলার ঘটনায় জড়িত থাকায় এসআই জাহাঙ্গীর ফোর্সের সহায়তায় মামলার এজাহারনামীয় আসামী রিয়াজ উদ্দিনকে আনুমানিক রাত ২০.১৫ ঘটিকায় গ্রেফতার করে নিজেদের হেফাজতে নেয়। কিন্তু আসামিকে থানায় নিয়ে যাওয়ার সময় আসামির ছোট ভাই সুজনসহ অন্যান্য লোকজন গ্রেফতারকৃত আসামিকে ছিনিয়ে নেয়ার চেষ্টা করে এবং রাস্তায় ব্যারিকেড দেয়। পুলিশের কাজে বাধা প্রদান এবং হামলার ঘটনায় জড়িত থাকার সন্দেহে মোঃ মঞ্জু এবং সাইফুল ইসলাম মিরাজকে আটক করে থানা হেফাজতে নেয়া হয়। পরবর্তীতে গত ২৫-০৮-২০২০ তারিখ দিবাগত রাত অনুমান ৩.৩০ ঘটিকায় সুধারাম মডেল থানার জিডি নাম্বার ১৩৬৪, তারিখ: ২৬-০৮-২০২০ মূলে জিম্মানামা এবং মুচলেকা সম্পাদন করে মোঃ মঞ্জু এবং সাইফুল ইসলাম মিরাজকে মোটরসাইকেলসহ মুক্তি দেয়া হয়। ফৌঃ কাঃ বিঃ ৬২ ধারা মোতাবেক তিনি আটককৃতদের মুক্তি এবং মোটরসাইকেল জিম্মার বিষয়ে জিম্মানামা, মুচলেকা, জব্দ তালিকার কপি এবং জিডির কপিসহ বর্ণিত কার্যক্রম সম্পর্কে বিজ্ঞ আদালতকে

অবহিত না করার অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক তিরস্কার দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ১১-০১-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ নবীর হোসেন, বিপি-৬৭৯৩০০ ৮৪৮৫, অফিসার ইনচার্জ, কাঁচপুর হাইওয়ে থানা, হাইওয়ে পুলিশ, গাজীপুর রিজিয়ন, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক প্রদত্ত তিরস্কার দণ্ডাদেশ বহাল রাখা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮৩.২০২২-৩৮**—যেহেতু, আপনি জনাব মোঃ আরিফুল ইসলাম, বিপি-৮১০৮১২ ৮৬৬৩, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, গোয়েন্দা শাখা, বরগুনা জেলা ও ইতোপূর্বে পুলিশ পরিদর্শক, বরগুনা জেলায় কর্মকালে বরগুনা থানার মামলা নং-২৭, তারিখ: ২১-১১-২০১৮, ধারা-১৪৩/৩০৭/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/ ৩৭৯ দঃবিঃ ১৮৬০ এর তদন্তকারী কর্মকর্তা ছিলেন। তিনি উক্ত মামলায় এজাহার নামীয় ৩৩ জনসহ অজ্ঞাত ১০/১২ জন আসামীর মধ্যে কাউকে গ্রেফতার করেন নি এবং এজাহারে উল্লিখিত ২৭ জন সাক্ষীর মধ্যে মাত্র ৭ জনসহ মোট ৮ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করেন। সর্বোপরি মামলাটির চার্জশীট দাখিল করার পর বাদীর নারাজি আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালত মামলাটি সিআইডি কর্তৃক অধিকতর তদন্তের নির্দেশ প্রদান করায় সার্বিকভাবে তদন্তকারী কর্মকর্তার তদন্তে অদক্ষতা, সরকারি দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা প্রতীয়মান হওয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ০৩ (তিন) বছরের জন্য ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ১১-০১-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দন্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম, বিপি-৮১০৮১২ ৮৬৬৩, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, গোয়েন্দা শাখা, বরগুনা জেলা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক প্রদত্ত ০৩ (তিন) বছরের জন্য ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার দণ্ডাদেশ বহাল রাখা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ মাঘ ১৪২৯/৩১ জানুয়ারি ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-১৫০**—ঢাকা জেলার হাজারীবাগ থানার মামলা নং-৪৭(০৩)-২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশি তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} -এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-১৫১**—ঢাকা জেলার হাতিরঝিল থানার মামলা নং-৩৮(০৬)-২২-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশি তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১১/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-১৫২**—ঢাকা জেলার নিউমার্কেট থানার মামলা নং-১৫/১০২, তারিখ: ৩১-০৫-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশি তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-১৫৩**—বগুড়া জেলার শাজাহানপুর থানার মামলা নং-০৩, তারিখ: ০২-০২-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশি তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৭(৩)/৮/১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-১৫৪**—সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর থানার মামলা নং-০৫, তারিখ: ১০-০২-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশি তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## উন্নয়ন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৪ মাঘ ১৪২৯/১৮ জানুয়ারি ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৩.২০২২-৬৯**—যেহেতু, জনাব শাহ্ মোঃ ওবায়দুর রহমান, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, লালমনিরহাট সদর এর বিরুদ্ধে নির্ধারিত সময়ে কর্মস্থলে বিলম্বে উপস্থিত হওয়া, অফিসে প্রকাশ্যে ধুমপান করা, বিল প্রদানের জন্য ঠিকাদারদের নিকট হতে উৎকোচ গ্রহণ করাসহ জাতীয় তথ্য বাতায়নে লালমনিরহাট সদর উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের তথ্যাদি নিয়মিত হালনাগাদ না করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ১৩/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাবের পরিপ্রেক্ষিতে গত ২০-০৯-২০২২ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে তার জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুসারে জনাব মোঃ মাহবুবুর রহমান ভূঁইয়া, পরিচালক-১ (উপসচিব)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২০-১২-২০২২ খ্রিঃ তারিখে ৪৪ নম্বর স্মারকের মাধ্যমে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামতে অভিযুক্ত কর্মকর্তা জনাব শাহ্ মোঃ ওবায়দুর রহমান, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, লালমনিরহাট সদর এর বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়নি মর্মে মতামত দেওয়া হয়েছে।

সেহেতু, জনাব শাহ্ মোঃ ওবায়দুর রহমান, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, লালমনিরহাট সদর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের সত্যতা না পাওয়ায় তাকে এসকল অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করে এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

**মুহম্মদ ইবরাহিম**
সচিব।

---

## অর্থ মন্ত্রণালয়
## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
## শাখা-২ (প্রশাসন)

### প্রজ্ঞাপন

তারিখ: ১৫ মাঘ ১৪২৯/২৯ জানুয়ারি ২০২৩

**নং ০৮.০০.০০০০.০২৩.৬৫.০০৩.২১-০২**—যেহেতু, মোঃ কামরুল হক, সহকারী প্রোগ্রামার, (বর্তমানে শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকায় সংযুক্ত) কাস্টম হাউস, চট্টগ্রামে কর্মরত ছিলেন। তিনি কাস্টম হাউসে কর্মকর্তাদের ইউজার আইডিটি সক্রিয় বা নিষ্ক্রিয় কার্যক্রম গ্রহণের কাজ করতেন। তার কর্মকালীন সময়ে কাস্টমস কর্মকর্তাদের নামে ইস্যুকৃত অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি অপব্যবহার করে শুল্ক ফাঁকি সংগঠিত হয়। ডি.এ.এন মহিবুল ইসলাম (অবসরপ্রাপ্ত) রাজস্ব কর্মকর্তা, চট্টগ্রাম কাস্টম হাউস এর নামে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর স্টেট ফেজ চলাকালীন সময়ে ০৮-০৭-২০১৩ তারিখে d.a.m.mohibul.islam@gmail.com ইউজার আইডিটি প্রস্তুত করা হয়। ইউজার আইডিটি ১৮-০৭-২০১৩ তারিখে মুছে ফেলা হলেও ASYCUDA World System Upgradation ও Migration এর কার্যক্রম সম্পন্ন করার সময় status পরিবর্তন হয়ে d.a.m.mohibul.islam@gmail.com ইউজার আইডিটি তার অবসর গ্রহণের পর ০২-০৯-২০১৬ তারিখে স্বয়ংক্রিয়ভাবে সক্রিয় হয় এবং উল্লিখিত আইডি ০২-০৯-২০১৬ থেকে ২৮-০৯-২০১৮ পর্যন্ত সক্রিয় ছিল।

০২। যেহেতু, একইভাবে চট্টগ্রামের সাবেক সহকারী রাজস্ব কর্মকর্তা মোঃ ফজলুল হক ভূইয়ার বিপরীতে ০২-১০-২০১৩ তারিখে fozlulhoque123@gmail.com ইউজার আইডিটি তৈরী হয়। এরপর তার বদলীর পর ০২-০৯-২০১৬ তারিখে ইস্যুকৃত ইউজার আইডি পুনরায় সক্রিয় হয়। ফলে উল্লিখিত আইডি থেকে জালিয়াতির মাধ্যমে ১৯-১২-২০১৮ তারিখ এবং ২৬-১২-২০১৮ তারিখ ১৪টি বিল অব এন্ট্রি খালাশ নেয়া হয়।

০৩। যেহেতু, তিনি চট্টগ্রাম কাস্টম হাউসে কর্মরত সুলতান আহাম্মদ, রাজস্ব কর্মকর্তা এর মৌখিক নির্দেশে d.a.m.mohibul.islam@gmail.com আইডিটি ২৯-০৯-২০১৮ তারিখে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করে নিষ্ক্রিয় করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে এ বিভাগের ০২-১১-২০২২ তারিখের ০৮.০০.০০০০.০২৩.০০৩.২১.৪৫ ও ৪৬ নম্বর স্মারকে যথাক্রমে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়।

০৪। যেহেতু, তিনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। তৎপ্রেক্ষিতে গত ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং সরকার পক্ষের বক্তব্য শোনা হয়। তিনি শুনানিতে জানিয়েছেন কাস্টম হাউস, চট্টগ্রাম হতে যে সকল কর্মকর্তা অন্যান্য দপ্তরে বদলি হয়ে অবমুক্ত হয়, তাদের অবমুক্তির আদেশ তার নিকট যথাসময়ে পৌছায় না। এ কারণে তিনি ১৫ অক্টোবর, ২০১৮ তারিখের ০৬/সিস্টেম এনালিস্ট/এ্যাসাইকুডা অপারেশন/২০১৮/১৪১১৭ নম্বর পত্রের মাধ্যমে অতিরিক্ত কমিশনার-১, কাস্টম হাউস চট্টগ্রাম-কে বিষয়টি অবহিত করেছিলেন। লিখিত পত্রে তিনি আরো জানিয়েছিলেন বদলিকৃত কর্মকর্তাদের বদলির আদেশ যথাসময়ে না পৌছানোর কারণে বদলিকৃত কর্মকর্তাদের User ID ASYCUDA World System-এ সক্রিয় থেকে যাচ্ছে। ফলে বদলীকৃত কর্মকর্তাগণের User ID যথাসময়ে নিষ্ক্রিয় করা না হলে অপব্যবহারের মাধ্যমে মারাত্মক রাজস্ব হানির সম্ভাবনা রয়েছে। সরকার পক্ষ আনীত অভিযোগের স্বপক্ষে উপযুক্ত প্রমাণক উপস্থাপন করতে সক্ষম হয়নি।

০৫। সেহেতু, মোঃ কামরুল হক, সহকারী প্রোগ্রামার, (বর্তমানে শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকায় সংযুক্ত) তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের উপযুক্ত ভিত্তি না থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধি মোতাবেক তাকে "অসদাচরণ" এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশাবলি

তারিখ : ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৫৪.১১-১৪০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মুহাম্মদ মাঈনুর রহমান, জন্ম তারিখ: ০৫-০১-১৯৮৭ খ্রি., পিতা-মুহাম্মদ দিয়ানত উল্ল্যাহ, মাতা-মমতাজ বেগম, এ-৩১৫/১, কদমতলী উত্তর আদমজীনগর-১৪৩০, সিদ্ধিরগঞ্জ, ০৭ নং ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ০৭ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ/০৬ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৫৬.১১(১)-৯২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব (জনাব মুহাম্মদ আনোয়ারুল ইসলাম, জন্ম তারিখঃ ০২-০২-১৯৮৩ খ্রি., পিতা-নজির আহমদ, মাতা-দিলোয়ারা বেগম, গ্রাম-পশ্চিম পালাকাটা, ওয়ার্ড নং-০২, ডাকঘর-চিরিংগা সি, সি, উপজেলা-চকরিয়া, জেলা-কক্সবাজার)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ১০ নং চিরিংগা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/০৬ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১৩১.১১.২২৪.৭৭-১৪১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব (জনাব মোঃ শরিফুল ইসলাম, জন্ম তারিখঃ ০১-০১-১৯৯৭ খ্রি., পিতা-মোঃ ইয়াকুব আলী, মাতা-শাহনাজ আক্তার, গ্রাম-জোকার দিয়া, ডাকঘর-শ্রীনিবাসদী, উপজেলা-আড়াইহাজার, জেলা-নারায়ণগঞ্জ)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার মাহমুদপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৬

### প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

**নং ১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২০-৯৫**—যেহেতু, মানিকগঞ্জ জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) জনাব গোলাম মাহাবুব (সাবেক জেলা রেজিস্ট্রার, রাজবাড়ী) এর বিরুদ্ধে গাঁজা ও ইয়াবা সেবন অবস্থায় সচিত্র প্রতিবেদন "চ্যানেল ২৪" এ গত ১৬-০৮-২০২০ খ্রি. তারিখে প্রচারিত হওয়ার প্রেক্ষিতে মহাপরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর হতে তাঁকে কৈফিয়ত তলব ও কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়। তিনি গত ০৮-০৯-২০২০ খ্রি. তারিখে তাঁর জবাব দাখিল করেন যা সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগে ০২/২০২০ নং বিভাগীয় মামলা দায়েরসহ এ বিভাগের গত ২৪-১১-২০২০ খ্রি. তারিখের ২১৯ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করে গত ২৪-১১-২০২০ খ্রি. তারিখের ২১৯ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারির মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা মানিকগঞ্জ জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) জনাব গোলাম মাহাবুব গত ০৭-১২-২০২০ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে গত ১৩-০১-২০২১ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ২৩-০১-২০২২ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে গত ১৬-০৮-২০২০ খ্রি. তারিখে "চ্যানেল ২৪" এর প্রচারিত সচিত্র প্রতিবেদন অনুযায়ী গাঁজা/ইয়াবা সেবনের অভিযোগটি সঠিক নয় এবং উপস্থাপিত সাক্ষ্য প্রমাণে উক্ত অভিযোগ প্রমাণিত হয় নাই মর্মে মতামত প্রদান করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমালার বিধি ৭(৮) অনুযায়ী উক্ত ০২/২০২০ নং বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, মানিকগঞ্জ জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) জনাব গোলাম মাহাবুব (সাবেক জেলা রেজিস্ট্রার, রাজবাড়ী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমালার বিধি ৭(৮) অনুযায়ী ০২/২০২০ নং বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানসহ তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বিধি অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**নং ২৫.০২.০০০০.০১৪.১১.০০২.২০-৯১**—এস.আর.ও নং ১০৩ আইন/২০১৯। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৫৯ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে স্থাপত্য অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিলেন; যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

তফসিলের ক্রমিক নং-৪০ এর বিপরীতে উল্লিখিত কলাম এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪০। | অফিস সহায়ক গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) তফসিল-৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-৭**

অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর ইত্যাদি:

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ১ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী ওয়াছি উদ্দিন**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০৬০.১৯(অংশ-১)-৪৮**—সাজাপ্রাপ্ত কয়েদি বেগম খালেদা জিয়ার মুক্তির বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইনগত মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898)-এর ধারা ৪০১ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল আপিল নং-১৬৭৬/১৮ (বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৭/২০১৭ থেকে উদ্ভূত) এবং বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৮/২০১৭-এ প্রদত্ত বেগম খালেদা জিয়া'র দন্ডাদেশ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২৫-০৩-২০২৩ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৬(ছয়) মাসের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো:

(ক) তিনি ঢাকাস্থ নিজ বাসায় থেকে তার চিকিৎসা গ্রহণ করবেন; এবং

(খ) উক্ত সময়ে তিনি দেশের বাইরে গমন করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।